

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৭৬

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (ﷺ) পরিচ্ছেদঃ এ বিষয়ে আরেকটি পরিচ্ছেদ

باب مِنْهُ

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا ابْنُ لَهِيعَةَ، عَنْ دَرَّاجٍ، عَنْ أَبِي الْهَيْثَمِ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم سُئِلَ أَيُّ الْعِبَادِ أَفْضَلُ دَرَجَةً عِنْدَ اللَّهِ يَوْمَ الْقِيَامَةِ قَالَ لللَّاكِرُونَ اللَّهَ كَثِيرًا وَالذَّاكِرَاتُ ". قُلْتُ يَا رَسُولَ اللَّهِ وَمِنَ الْغَازِي فِي سَبِيلِ اللَّهِ قَالَ " الذَّاكِرُونَ اللَّهَ كَثِيرًا وَالذَّاكِرَاتُ ". قُلْتُ يَا رَسُولَ اللَّهِ وَمِنَ الْغَازِي فِي سَبِيلِ اللَّهِ قَالَ " لَوْ ضَرَبَ بِسَيْفِهِ فِي الْكُفَّارِ وَالْمُشْرِكِينَ حَتَّى يَنْكَسِرَ وَيَخْتَضِبَ دَمًا لَكَانَ الذَّاكِرُونَ اللَّهَ كَثِيرًا أَفْضَلَ مِنْهُ دَرَجَةً ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَدِيثِ دَرَّاجٍ . دَرَّاجٍ .

## বাংলা

৩৩৭৬. কুতায়বা (রহঃ) ..... আবু সাঈদ খদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করা হলঃ কিয়ামতের দিন আল্লাহ তা'আলার কাছে বান্দাদের মাঝে মর্যদার দিক দিয়ে কে হবে শ্রেষ্ঠ? তিনি বললেনঃ যারা অধিক হারে আল্লাহর যিকর করে। আমি বললামঃ ইয়া রাসুলাল্লাহ! আল্লাহর পথে জিহাদকারীর চেয়েও? তিনি বললেনঃ কাফির ও মুশরিকদের আঘাত করতে করতে যদি তার তলোয়ার ভেঙ্গে যায় এবং রক্তে রঞ্জিত হয়ে যায়, তবুও অধিক হারে আল্লাহর যিকরকারীরাই তার তুলনায় মর্যদার দিক দিয়ে অধিক শ্রেষ্ঠ হবে।

যঈফ, তা'লীকুর রাগীব ২/২২৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৭৬ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) এ হাদীসটি গারীব। দাররাজ (রহঃ) এর রিওয়ায়াত হিসাবেই কেবল আমরা এটি সম্পর্কে জানি।

## **English**

Abu Sa'eed Al-Khudri narrated that:



The Messenger of Allah was asked: "Which of the worshippers is superior in rank with Allah on the Day of Judgment?" He said: "Those men who remember Allah much [and women]." He said: "I said: 'O Messenger of Allah! What about the fighter in the cause of Allah?' He said: 'If he were to strike with his sword among the disbelievers and the idolater, until it breaks, and he (or it) is dyed with blood, those who remember Allah much would still be superior in rank."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন